

স্মারক নং : বিসাকে/ডিআরএইচ/লেটার/৪২৬/২০২৩

তারিখ : ১৯ জানুয়ারি ২০২৩

বিষয় : 'পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি' বাস্তবায়নে উপজেলা পর্যায়ে শিক্ষক-উদ্বুদ্ধকরণ ও পরিচিতি কর্মশালা আয়োজনে সহযোগিতা প্রদান।

মহোদয়,


আপনি ইতোমধ্যে অবগত হয়েছেন যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)-এর অন্তর্ভুক্ত স্ট্রেন্জেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস স্কিম-এর আওতায় 'পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি' দেশের ৬৪ জেলার ৩০০ উপজেলার ১৫০০০ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়িত হচ্ছে। বিশ্বসাহিত্য কেন্দ্র উক্ত কর্মসূচি মাঠপর্যায়ে বাস্তবায়ন করছে। মাঠ পর্যায়ে কর্মসূচি শুরুর প্রাথমিক উদ্যোগ হিসেবে নির্বাচিত উপজেলাসমূহের উপজেলা প্রশাসন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারবৃন্দের সহযোগিতায় নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং স্কুল/মাদ্রাসা পর্যায়ে বইপড়া কর্মসূচি পরিচালনার জন্য নির্বাচিত 'সংগঠক' (প্রতিষ্ঠানের লাইব্রেরির দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বা সহকারী শিক্ষক) এর অংশগ্রহণে কর্মসূচির বিষয়ে দিনব্যাপী একটি উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন করা হবে।

আপনার সাথে আলোচনাক্রমে আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে নওগাঁ জেলার পোরশা উপজেলার শিক্ষক-উদ্বুদ্ধকরণ কর্মশালার দিন নির্ধারণ করা হয়েছে, যা সকাল ৯টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। বইপড়া কর্মসূচি বাস্তবায়নের জন্য কর্মশালাটি খুবই গুরুত্বপূর্ণ বিষয় নির্বাচিত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং একজন সহকারী শিক্ষক (যিনি বিদ্যালয়ে/মাদ্রাসায় বইপড়া কর্মসূচি/লাইব্রেরি পরিচালনার দায়িত্ব নিনেন) এর উপস্থিত থাকা নিশ্চিত করা প্রয়োজন। উক্ত শিক্ষক-উদ্বুদ্ধকরণ কর্মশালা সফল করার লক্ষ্যে কর্মশালার স্থান, তারিখ ও সময় উল্লেখ করে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আপনার অফিস থেকে কর্মশালায় উপস্থিত থাকার জন্য একটি অনুরোধ পত্র পাঠালে ভালো হয়। এছাড়াও সম্ভব হলে কর্মশালার ২/১ দিন পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে কর্মশালায় অংশগ্রহণের বিষয় ফোনের মাধ্যমে স্মরণ করিয়ে দিতে বিশেষভাবে অনুরোধ করছি (নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংযুক্ত)।

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন-সংশ্লিষ্টগণ নিয়মিত যোগাযোগ রক্ষা করা ছাড়াও কর্মশালার ২দিন পূর্বে ২জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আপনার উপজেলায় যাবেন এবং আপনার সার্বিক সহযোগিতা নিয়ে কর্মশালা আয়োজন সংক্রান্ত সকল কাজ সম্পন্ন করবেন। পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির একজন টিম ম্যানেজার কর্মশালাটি সমন্বয় ও পরিচালনা করবেন।

আশা করছি আপনার আন্তরিক সহযোগিতায় সফলভাবে কর্মশালা আয়োজন করা সম্ভব হবে এবং পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে বর্তমান শিক্ষার গুণগত মান আরো উন্নয়নে সরকারের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।

ধন্যবাদান্তে,



শামীম আল মামুন

কো-টিম লিডার, পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি

বিশ্বসাহিত্য কেন্দ্র

মোঃ ওয়াজেদ আলী মুধা

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা : পোরশা

জেলা : নওগাঁ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- স্কিম পরিচালক, স্ট্রেন্জেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস স্কিম
- উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ
- জেলা শিক্ষা অফিসার, নওগাঁ জেলা